

## 🗏 আশ-শূরা | Ash-Shura | الشُّورى

আয়াতঃ ৪২:১৮

## **া** আরবি মূল আয়াত:

## 

যারা এতে ঈমান আনে না, তারাই তা ত্বরাম্বিত করতে চায়। আর যারা ঈমান এনেছে, তারা একে ভয় করে এবং তারা জানে যে, এটা অবশ্যই সত্য। জেনে রেখ, নিশ্চয় যারা কিয়ামত সম্পর্কে বাক-বিতন্তা করে তারা সুদূর পথভ্রষ্টতায় নিপতিত। — আল-বায়ান

যে সব লোক তাতে বিশ্বাস করে না, তারাই তার (অর্থাৎ ক্বিয়ামতের) আগমনকে তরাম্বিত করতে চায়। কিন্তু যারা বিশ্বাসী তারা তাকে ভয় করে আর তারা জানে যে, তা সত্য। জেনে রেখ, যারা ক্বিয়ামত সম্পর্কে বিতর্ক করে, তারা স্পষ্টতই সত্য পথ হতে বহু দূরে চলে গেছে। — তাইসিকল

যারা এটা বিশ্বাস করেনা তারাই এটা ত্বরাম্বিত করতে চায়। আর যারা বিশ্বাসী তারা ওকে ভয় করে এবং জানে যে, ওটা সত্য; জেনে রেখ, কিয়ামাত সম্পর্কে যারা বাক-বিতন্তা করে তারা ঘোর বিভ্রান্তিতে রয়েছে। — মুজিবুর রহমান

Those who do not believe in it are impatient for it, but those who believe are fearful of it and know that it is the truth. Unquestionably, those who dispute concerning the Hour are in extreme error. — Sahih International

১৮. যারা এটাতে ঈমান রাখে না তারাই তা ত্বরাম্বিত করতে চায়। আর যারা ঈমান এনেছে তারা তা থেকে ভীত থাকে এবং তারা জানে যে, তা অবশ্যই সত্য। জেনে রাখুন, নিশ্চয় কিয়ামত সম্পর্কে যারা বাক-বিতণ্ডা করে তারা ঘোর বিভ্রান্তিতে নিপতিত।

তাফসীরে জাকারিয়া

(১৮) যারা এ বিশ্বাস করে না, তারাই এ তরাম্বিত করতে চায়,[1] কিন্তু যারা বিশ্বাসী, তারা ওকে ভয়



করে[2] এবং জানে তা সত্য। জেনে রাখ, কিয়ামত সম্পর্কে যারা বাক্-বিতন্ডা করে[3] তারা ঘোর বিভ্রান্তিতে রয়েছে।[4]

- [1] অর্থাৎ, বিদ্রূপ স্বরূপ এই মনে করে যে, তা কি আর আসবে নাকি? তাই বলে, 'কিয়ামত সত্বর আসুক।'
- [2] প্রথম কারণঃ তারা এর সংঘটিত হওয়ার ব্যাপারে পূর্ণ বিশ্বাসী। দ্বিতীয় কারণঃ তারা ভয় পায় য়ে, সেদিন ন্যায় বিচার হবে, অতএব তারাও আবার আল্লাহর পাকড়াও-এর আওতায় এসে পড়বে কি না। য়েমন, অন্যত্র এসেছে, ﴿وَالَّذِينَ يُوْتُونَ مَا آتُوا وَقُلُوبُهُمْ وَجِلَةٌ أَنَّهُمْ إِلَى رَبِّهِمْ رَاجِعُونَ} অর্থাৎ, আর য়ারা তাদের প্রতিপালকের নিকট প্রত্যাবর্তন করবে --এই বিশ্বাসে তাদের য়া দান করবার তা দান করে ভীত-কম্পিত হদয়ে। (সূরা মু'মিনূন ৬০ আয়াত)
- [3] مِرْيَةٌ এর উৎপত্তি হল, مِرَاء পাতু থেকে; যার অর্থ হল, তর্ক-ঝগড়া। অথবা এর উৎপত্তি হল, مِرْيَةٌ ধাতু থেকে; যার অর্থ, সন্দেহ-সংশয়। অর্থাৎ, কিয়ামত সম্পর্কে যারা সন্দেহ পোষণ করে--।
- [4] কেননা, তারা এই দলীলগুলো নিয়ে চিন্তা-গবেষণা করে না, যা তাদের ঈমান আনার কারণ হতে পারে। অথচ এই দলীলগুলো দিবারাত্রি তারা পরিদর্শন করছে। তা তাদের চোখের সামনে দিয়ে অতিবাহিত হচ্ছে এবং তা তাদের জ্ঞান-বিবেকে আসতে পারে। তাই তারা সত্য থেকে অনেক দুরে ছিটকে পড়েছে।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=4290

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন